ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৭৩১
আগরতলা, ১২ নভেম্বর, ২০২৫

**ডেঙ্গু সম্পর্কে সতর্ক থাকুন : পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর**

পরিবার কল্যাণ এবং রোগ প্রতিরোধক দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে বলা হয়েছে আবহাওয়াজনিত কারণে বর্তমান সময়ে ত্রিপুরা রাজ্যে এডিস মশার বংশ বৃদ্ধি একটি অনুকূল সময়। এডিস মশা দিনের বেলায় কামড়ায় যার ফলে ডেঙ্গু জ্বর হয়। ডেঙ্গু জ্বরের লক্ষণ হলো প্রচণ্ড জ্বর সহ মাথা ব্যথা, গাঁট ব্যথা, বমি বমি ভাব বা বমি হওয়া, চামড়ায় রেশ প্রভৃতি। ডেঙ্গু জ্বরের নির্দিষ্ট কোনো চিকিৎসা নেই কিন্তু এই রোগ প্রতিরোধযোগ্য। ডেঙ্গু জ্বর হলে স্বাস্থ্য কেন্দ্রে উপসর্গ অনুসারে চিকিৎসা পরিষেবা দেওয়া হয় যার মাধ্যমে রোগী সুস্থ হয়ে ওঠে। ডেঙ্গু জ্বরকে নিয়ন্ত্রণ করার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা গুলি অনুসরণ করতে হবে। দিনের বেলা ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করা, সরসময় সম্পূর্ণ ঢাকা কাপড় পরিধান করা, ফুলের টব ও টবের নিচের ট্রেতে জমা জল পরিষ্কার করা, পরিত্যক্ত টায়ার, প্লাস্টিকের বোতল ও কৌটা, ডাবের খোসা, ভাঙা হাঁড়ি, মাটির পাত্র বা নারকেলের মালা, নির্মাণাধীন ভবনের চৌবাচ্চা বা লিফটের গর্তে জমে থাকা জল, রেফ্রিজারেটরের নিচের ট্রে এবং এয়ার কন্ডিশনারের জল নিষ্কাশনের স্থান পরিষ্কার করা অত্যন্ত আবশ্যক।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে উনকোটি জেলার বিভিন্ন স্থানে ২০২৫ সালে ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য একগুচ্ছ কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। যেসব কর্মসূচিগুলি বাস্তবায়ন করা হয়েছে সেগুলি হল বাড়ি বাড়ি পরিদর্শন করে মশা জন্মানোর স্থান নির্মূল করা এবং স্বাস্থ্যসম্মত সচেতনতা সৃষ্টি করা, মশার বংশ বৃদ্ধি রোধ করার জন্য লার্ভিসাইডাল স্প্রে করা, ফগিং, মাইকিং, ব্যানার প্রদর্শন, সুসজ্জিত তথ্য শিক্ষা প্রচার রথের মাধ্যমে সচেতনতা সৃষ্টি করা, প্রচারপত্র বিতরণ, স্বাস্থ্য শিবির সংগঠিত করা এবং প্রয়োজনীয় ওষুধ প্রদান করা, বিভিন্ন দপ্তরের সমন্বয়ে (জেলা প্রশাসন, স্বাস্থ্য দপ্তর, সমাজ শিক্ষা ও সমাজ কল্যাণ দপ্তর, শিক্ষা দপ্তর, পানীয় জল দপ্তর, ব্লক অধিকর্তা) ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য সভা সংগঠিত করা প্রভৃতি। ডেঙ্গু জ্বর শনাক্তকরণ এবং উপসর্গ অনুযায়ী চিকিৎসা পরিষেবা প্রদান করার জন্য পর্যাপ্ত পরিমাণ ডায়াগনোস্টিক/রক্ত পরীক্ষার সামগ্রী এবং ওষুধ মজুদ রাখা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক প্রতিনিধি দল ডেঙ্গু শনাক্তকৃত এলাকা পরিদর্শন করেন এবং নিয়ন্ত্রণের জন্য সমস্ত রকম প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।

ডেঙ্গু জ্বর প্রতিরোধ যোগ্য। এই ডেঙ্গু জ্বরকে প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করার জন্য সমস্ত অংশের জনগণের একান্ত সহযোগিতা আবশ্যক। তাই নিম্নলিখিত পদক্ষেপগুলি প্রতিদিনের জীবনশৈলীতে অভ্যাসের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধ করা সম্ভব।

- জমা জলে মশা জন্মায়। তাই সকল প্রকার জলের ট্যাঙ্ক এবং জল সঞ্চয়ের পাত্রগুলি ঢেকে রাখুন।
- এডিস মশা দিনের বেলায় কামড়ায় এবং এনোফিলিস মশা রাতের বেলায় কামড়ায়। তাই দিনে ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন।
- সকল প্রকার অব্যবহার যোগ্য পাত্র, আবর্জনা, টায়ার, নারকেলের খোল ইত্যাদি যেখানে সেখানে ফেলবেন না এবং এগুলিতে জল জমতে দেবেন না।
- সপ্তাহে একবার ফ্রিজ, ওয়াটার কুলার পরিষ্কার রাখুন, যাতে জল জমে না থাকে।
- দিনের বেলায়ও গা- ঢাকা পোষাক পড়ুন।
- মশার কামড় থেকে দূরে থাকতে মশা তাড়ানোর ধূপ ক্রিম কয়েল ব্যবহার করুন। ছোট কামড়, বড় বিপদ। তাই মশার কামড় থেকে দূরে থাকুন, নিজেকে সুস্থ বাখুন।।

********